গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.dss.birol.dinajpur.gov.bd

স্মারক নং- ৪১.০১.২৭১৭.০০০.১৬.১০৯.১০ . ২৭৮ তারিখঃ ২৫/১২/২০২২

বিষয়ঃ উপজেলা পরিষদের সমাজকল্যাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটির সভা আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, বিরল, দিনাজপুরের আওতাধীন উপজেলা পরিষদের সমাজকল্যাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটির সভা আগামি ২৯/১২/২০২২ তারিখেঃ বেলা ১১.০০ টায় উপজেলা সমাজসেব কার্যালয়, বিরল,দিনাজপুর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ-

০১। গত মাসের কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। উপজেলা পরিষদের সমাজকল্যাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক কাজের অগ্রগতির সম্পর্কে আলোচনা।
০৩। বিবিধ আলোচনা।

প্রাপক,

০১। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরল,দিনাজপুর।
০২।চেয়ারম্যান ৪ নং শহরগ্রাম ইউ.পি বিরল,দিনাজপুর।
০৩।চেয়ারম্যান ৫ নং বিরল ইউ.পি বিরল,দিনাজপুর।
০৪।চেয়ারম্যান ৬ নং ভান্ডারা ইউ.পি বিরল,দিনাজপুর।
০৫। মহিলা সদস্য সংরক্ষিত ৩নং ওয়াড, ১ নং আজিমপুর ইউ,পি, বিরল, দিনাজপুর।

২৫/১২/২২
(মোঃ আনিছুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
বিরল, দিনাজপুর।
ফোন- ০৫৩২৪-৫৬০৬১
E-mail: usso.birol@dss.gov.bd

ok

সভাপতি ঃ জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
সভার স্থানঃ উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ২৯/১২/২০২২ খ্রিঃ, বেলা ১১.০০ ঘটিকা।

আলোচ্যসূচিঃ
৫. উপজেলা সমাজকল্যাণ বিভাগ, বিরল, দিনাজপুর এর কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
৬. বিবিধ।

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, বিরল, দিনাজপুর কে সমাজকল্যাণ বিভাগের বিগত দুই মাসের কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপজেলা সমাজকল্যাণ বিভাগের বিগত দুই মাসের কার্যক্রমের তথ্য অবহিত করেন। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোল্লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭. | ভাতা কার্যক্রমঃ<br>১. সামাজিক নিরাপত্তা সুরক্ষায় ভাতা কার্যক্রম এর আওতায় সকল ইউনিয়নের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতভোগীর মাঝে অক্টোবর-ডিসেম্বর/২২ পর্যন্ত ভাতার অর্থ বিতরণ সম্পন্ন হয়েছে।<br>২. দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠির জন্য ভাতা কার্যক্রম ঃ ৪৩ জন ভাতাভোগীকে অক্টোবর-ডিসেম্বর/২২ পর্যন্ত ভাতার অর্থ বিতরণ করা হয়েছে। | সময়মত ও সঠিকভাবে ভাতা বিতরন করতে হবে। নতুন ভাতাভোগী বাছাই কার্যক্রমে স্বচ্ছতা বজায় রেখে প্রকৃত অসহায়দের অগ্রাধিকার দিতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও ইউ.পি চেয়ারম্যান (সকল) |
| ৮. | উপজেলা রোগী কল্যাণ সমিতির কার্যক্রমঃ<br>উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতালে ভর্তিকৃত অসহায়, গরীব ও দুঃস্থ রোগীদের নিয়মিত চিকিৎসা সহায়তা প্রদান করা হচ্ছে। বিরল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের জন্য ১ টি বেড সংরক্ষিত রাখা হয়েছে। | হাসপাতালে ভর্তিকৃত অসহায়, গরীব ও দুঃস্থ রোগীদের নিয়মিত চিকিৎসা ও অন্যান্য সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯. | বিরল উপজেলার সকল জরিপকৃত প্রতিবন্ধিদের মাঝে পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক পরিচয়পত্র) প্রিন্ট, লেমিনেটিং এবং বিতরণ এর কাজ সম্পন্ন করা হয়েছে। এখনও যে সমস্ত প্রকৃত প্রতিবন্ধি ব্যাক্তি জরিপের আওতাভুক্ত হননি, তারা জাতীয় পরিচয়পত্র অথবা অনলাইন জন্ম সনদ ও এক কপি ছবি সহ যে কোন রবিবার উপজেলা সমাজসেবা কার্যালয়ে আসলে জরিপে আওতাভুক্ত করা হবে। | জরিপকাজ অব্যাহত রাখতে হবে। সেবাগ্রহীতা যাতে সহজে সেবা পায় তার ব্যাবস্থা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |

উপরোক্ত কার্যক্রমগুলি সুষ্ঠ ও সুন্দুর ভাবে পরিচালিত হচ্ছে। কার্যক্রমগুলি সুষ্ঠভাবে পরিচালিত হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

# উপজেলা পরিষদের মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

সভার স্থানঃ উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ২৯/১২/২০২২ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা।

আলোচ্যসূচিঃ

৫. বিরল উপজেলার মুক্তিযোদ্ধা উপজেলা সমাজকল্যাণ বিভাগ, বিরল, দিনাজপুর এর কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
৬. বিবিধ।

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, বিরল, দিনাজপুর কে মুক্তিযোদ্ধা সংক্রান্ত বিগত দুই মাসের কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপজেলার মুক্তিযোদ্ধা সংক্রান্ত বিগত দুই মাসের কার্যক্রমের তথ্য অবহিত করেন। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোল্লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | মুক্তিযোদ্ধা সম্মানীভাতা কার্যক্রম:<br>১. মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রাপ্ত ভাতভোগীর মাঝে নভেম্বর/২২ পর্যন্ত সম্মানীভাতার অর্থ তাদের স্ব স্ব হিসাব নম্বরে স্থানান্তর করা হয়েছে। প্রতি ইংরেজী মাস শেষে বরাদ্দ সাপেক্ষে পূর্ববর্তী মাসের সম্মানীভাতার অর্থ তাদের স্ব স্ব হিসাব নম্বরে স্থানান্তর করা হয়। | সময়মত ও সঠিকভাবে সম্মানী ভাতা বিতরন করতে হবে। এক্ষেত্রে কোন বীর মুক্তিযোদ্ধা যেন হয়রানি না হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ২. | মৃত মুক্তিযোদ্ধার পরিবর্তে প্রতিস্থাপন:<br>কোন সম্মানীভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে আবেদন প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ে তার স্ত্রী/ওয়ারীশানের নামে সম্মানীভাতা প্রতিস্থাপন করা হচ্ছে। | সময়মত ও সঠিকভাবে সম্মানীভাতা প্রতিস্থাপন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৩. | কোন বীর মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন কার্য সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৪. | আসন্ন বিজয় দিবস/২০২২ তে বীর মুক্তিযোদ্ধাগনের সংবর্ধনা প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহনের বিষয়ে আলোচনা হয়। | বীর মুক্তিযোদ্ধাগণকে যথাযথ সংবর্ধনা প্রদান করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |

উপরোক্ত কার্যক্রমগুলি সুষ্ঠ ও সুন্দুর ভাবে পরিচালিত হচ্ছে। কার্যক্রমগুলি সুষ্ঠভাবে পরিচালিত হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
উপজেলা পরিষদের মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

## পরিশিষ্ট-ক:

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর ঃ

| ক্র.নং | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোছাঃ মাহফুজা খাতুন, মহিলা সদস্য, সংরক্ষিত ৩ নং ওয়ার্ড,১ নং ওয়ার্ড আজিমপুর ইউ, পি। | স্বাক্ষরিত | |
| ২. | চেয়ারম্যান, ৪ নং শহরগ্রাম ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর। | স্বাক্ষরিত | |
| ৩. | চেয়ারম্যান, ৫ নং বিরল ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর। | স্বাক্ষরিত | |
| ৪. | চেয়ারম্যান, ৬ নং ভান্ডারা ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর। | স্বাক্ষরিত | |
| ৫. | উপজেলা সমাজসেবা অফিসার, বিরল, দিনাজপুর। | স্বাক্ষরিত | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বিরল, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭১৭.০০০.২৮.১০৮.১৫.২২. ২৫৩ তারিখ-২৯/১২/২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১. চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৩. অফিস কপি।

২৯/১২/২২
(মোঃ আনিছুর রহমান )
সদস্য সচিব
উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক কমিটি
ও
উপজেলা সমাজসেবা অফিসার
বিরল, দিনাজপুর।